রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**মঙ্গলবার, অক্টোবর ১৬, ২০১৮**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়**

**মৎস্য-৩ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৫ আশ্বিন, ১৪২৫ বঙ্গাব্দ/১০ অক্টোবর, ২০১৮ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং ২৯২-আইন/২০১৮।**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা:—

১। **শিরোনাম।**—এই বিধিমালা মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের (মেরিন ফিশারিজ একাডেমি কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৮ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

(ক) ''কমিশন'' অর্থ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন;

(খ) ''তফসিল'' অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত তফসিল;

(গ) ''নিয়োগকারী কর্তৃপক্ষ'' অর্থ সরকার বা সরকার কর্তৃক ক্ষমতা প্রদত্ত যে কোনো কর্মকর্তা;

(ঘ) ''পদ'' অর্থ তফসিলে উল্লিখিত কোনো পদ;

(ঙ) ''প্রয়োজনীয় যোগ্যতা'' অর্থ সংশ্লিষ্ট পদের জন্য উল্লিখিত যোগ্যতা;

(চ) ''শিক্ষানবিশ'' অর্থ কোনো পদে শিক্ষানবিশ হিসাবে নিযুক্ত কোনো ব্যক্তি;

(ছ) ''সিজিপিএ'' অর্থ Cumulative Grade Point Average (CGPA); এবং



**মূল্য :** টাকা ২০.০০

(জ) ‘‘স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা স্বীকৃত বোর্ড বা স্বীকৃত ইনস্টিটিউট বা স্বীকৃত একাডেমি বা স্বীকৃত প্রতিষ্ঠান” অর্থ আপাতত বলবৎ কোনো আইনের দ্বারা বা আইনের অধীন প্রতিষ্ঠিত কোনো বিশ্ববিদ্যালয় বা শিক্ষা বোর্ড বা ইনস্টিটিউট বা একাডেমি বা প্রতিষ্ঠান এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য কোনো বিশ্ববিদ্যালয় বা শিক্ষা বোর্ড বা ইনস্টিটিউট বা একাডেমি বা প্রতিষ্ঠানও ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। **নিয়োগ পদ্ধতি।**—(১) তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯(৩) এর উদ্দেশ্য পূরণকল্পে, সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলী সাপেক্ষে, কোনো পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগদান করা যাইবে, যথা:—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) পদোন্নতির মাধ্যমে; এবং

(গ) প্রেষণে বদলির মাধ্যমে।

(২) কোনো ব্যক্তিকে কোনো পদে নিয়োগ করা হইবে না যদি তজ্জন্য তাহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে, এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাঁহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়স সীমার মধ্যে না হয়:

তবে শর্ত থাকে যে, কোনো ব্যক্তিকে কোনো পদে এডহক ভিত্তিতে ইতিপূর্বে নিয়োগ করা হইয়া থাকিলে উক্ত পদে অব্যাহতভাবে নিযুক্ত থাকাকালীন কার্যকালের জন্য তাহার ক্ষেত্রে প্রযোজ্য সর্বোচ্চ বয়সসীমা শিথিল করা যাইবে।

৪। **সরাসরি নিয়োগ।**—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোনো পদে কোনো ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতা বহির্ভূত কোনো পদে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(৩) কোনো পদে সরাসরি নিয়োগের জন্য কোনো ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশের ডমিসাইল না হন; এবং

(খ) এইরূপ কোনো ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৪) কোনো পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিক্যাল বোর্ড অথবা, ক্ষেত্রবিশেষে, তৎকর্তৃক মনোনীত কোনো মেডিক্যাল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোনো দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোনো ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) এইরূপে বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সীর মাধ্যমে তদন্ত না হইয়া থাকে ও তদন্তের ফলে দেখা না যায় যে, প্রজাতন্ত্রের চাকরিতে নিযুক্তির জন্য তিনি অনুপযুক্ত নহেন।

(৫) কোনো ব্যক্তিকে কোনো পদে নিয়োগের জন্য সুপারিশ করা যাইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহ্বানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফিসসহ যথাযথ ফরম ও প্রয়োজনীয় কাগজপত্রসহ নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন; এবং

(খ) সরকারি, আধাসরকারি, স্বায়ত্বশাসিত বা বিধিবদ্ধ সংস্থার চাকরি কিংবা কোনো স্থানীয় কর্তৃপক্ষের চাকরিতে নিয়োজিত থাকাকালে স্বীয় উর্ধ্বতন কর্মকর্তার মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

**৫। পদোন্নতির মাধ্যমে নিয়োগ।**—(১) এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত সংশ্লিষ্ট বাছাই কমিটির সুপারিশের ভিত্তিতে কোনো পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে:

তবে শর্ত থাকে যে, জাতীয় বেতনস্কেলের ১৩-১৬ তম গ্রেডের কোনো পদ হইতে ১০-১২ গ্রেডের কোনো পদে এবং ১০-১২ গ্রেডের কোনো পদ হইতে ৯ম বা তদুর্ধ্ব গ্রেডের কোনো পদে কমিশনের সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে।

(২) যদি কোনো ব্যক্তির চাকরির বৃত্তান্ত সন্তোষজনক না হয়, তাহা হইলে তিনি কোনো পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

(৩) অস্থায়ী পদে সংশ্লিষ্ট নিয়োগ বিধিমালার বিধান অনুযায়ী পদোন্নতি প্রদান করা যাইবে, তবে উক্ত পদোন্নতি সংশ্লিষ্ট পদ স্থায়ী হওয়া সাপেক্ষে স্থায়ী হইবে।

**৬। শিক্ষানবিশি।**—(১) কোনো স্থায়ী শূন্য পদের বিপরীতে কোনো পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিশ হিসাবে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, স্থায়ী নিয়োগের তারিখ হইতে ২ (দুই) বৎসরের জন্য; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, এইরূপ নিয়োগের তারিখ হইতে ১ (এক) বৎসরের জন্য, নিয়োগ করা হইবে:

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া কোনো শিক্ষানবিশির মেয়াদ এক বা একাধিকবার এইরূপে বৃদ্ধি করিতে পারিবে যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে ২ (দুই) বৎসরের অধিক না হয়।

(২) যে ক্ষেত্রে কোনো শিক্ষানবিশের শিক্ষানবিশির মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করেন যে, তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে অথবা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই সেইক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিশের চাকরির অবসান ঘটাইতে পারিবে; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৩) শিক্ষানবিশির মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, সম্পূর্ণ হইবার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, শিক্ষানবিশির মেয়াদ চলাকালে কোনো শিক্ষানবিশের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল, তাহা হইলে উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে, তাহাকে চাকরিতে স্থায়ী করিবে; এবং

(খ) যদি মনে করে যে, উক্ত মেয়াদ চলাকালে শিক্ষানবিশের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকরির অবসান ঘটাইতে পারিবে; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল, সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৪) কোনো শিক্ষানবিশকে কোনো নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না যতক্ষণ না সরকারি আদেশক্রমে, সময় সময়, যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি পাশ করেন ও প্রশিক্ষণ গ্রহণ করেন।

৭। **বিশেষ বিধান।**—(১) তফসিলে উল্লিখিত কোনো পদ পূরণের ক্ষেত্রে সরাসরি ও পদোন্নতির কোটা বিভাজনে কোনো ভগ্নাংশ হইলে উভয় প্রকার কোটার ভগ্নাংশ পূর্ণ সংখ্যা হিসাবে পদোন্নতির কোটার সহিত যুক্ত হইবে।

(২) ওয়ার্কশপ এ্যাটেনডেন্ট পদ হইতে ওয়ার্কশপ ফিটার পদে এবং অফিস সহায়ক পদ হইতে ফটোকপি অপারেটর পদে পদোন্নতির ক্ষেত্রে যে সকল কর্মচারী 'কর্মকর্তা ও কর্মচারী (মেরিন ফিশারিজ একাডেমি, চট্টগ্রাম) নিয়োগ বিধিমালা, ২০০৪' এর অধীন যথাক্রমে ওয়ার্কশপ এ্যাটেনডেন্ট ও অফিস সহায়ক পদে নিয়োগপ্রাপ্ত হইয়াছেন, তফসিলে উল্লিখিত যোগ্যতা পূরণ সাপেক্ষে, সেই সকল কর্মচারীগণ যোগ্য বলিয়া বিবেচিত হইবে।

৮। **রহিতকরণ ও হেফাজত।**—(১) কর্মকর্তা ও কর্মচারী (মেরিন ফিশারিজ একাডেমি, চট্টগ্রাম) নিয়োগ বিধিমালা, ২০০৪, অতঃপর উক্ত বিধিমালা বলিয়া উল্লিখিত, এতদ্দ্বারা রহিত করা হইল।

(২) উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও—

(ক) এই বিধিমালা প্রবর্তনের অব্যবহিতপূর্বে উক্ত বিধিমালার অধীন নিয়োগকৃত ও পদোন্নতিপ্রাপ্ত সকল কর্মকর্তা ও কর্মচারী এই বিধিমালার অধীন নিয়োগকৃত ও পদোন্নতিপ্রাপ্ত হইয়াছেন বলিয়া গণ্য হইবে; এবং

(খ) উক্ত বিধিমালার অধীন গৃহীত বা কৃত কার্যসমূহ এই বিধিমালার অধীন গৃহীত বা কৃত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

(৩) উপ-বিধি (২) এর প্রাসঙ্গিকতাকে ক্ষুণ্ন না করিয়া এই বিধিমালা প্রবর্তনের সময় উক্ত বিধিমালার অধীন গৃহীত কোনো কার্যধারা অনিষ্পন্ন থাকিলে উহা, যতদুর সম্ভব, এই বিধিমালার অধীন নিষ্পন্ন করিতে হইবে।

## তফসিল

**[ বিধি ২ এর দফা (খ) দ্রষ্টব্য ]**

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১। | অধ্যক্ষ | - | (ক) পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>উর্ধ্বতন ইন্সট্রাক্টর (মেরিন) বা উর্ধ্বতন ইন্সট্রাক্টর (নেভিগেশন) পদে অন্যূন ৮ (আট) বৎসরের চাকরি।<br>**প্রেষণে বদলির ক্ষেত্রে:**<br>সম-বেতনস্কেল ও সম-পদমর্যাদাসম্পন্ন কর্মচারীগণের মধ্য হইতে। |
| ২। | উর্ধ্বতন ইন্সট্রাক্টর (মেরিন) | ৪২ বৎসর | (ক) পদোন্নতির মাধ্যমে;<br>(খ) পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(গ) পদোন্নতি ও সরাসরি নিয়োগযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>ইন্সট্রাক্টর (মেরিন) বা ইন্সট্রাক্টর (নেভাল আর্কিটেক্ট) পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোন স্বীকৃত মেরিটাইম প্রতিষ্ঠান হইতে প্রথম শ্রেণির মেরিন প্রকৌশল বা প্রথম শ্রেণির ফিশিং ভেসেল মেরিন প্রকৌশল সার্টিফিকেট এবং মেরিন ডিসিপ্লিনে যে কোন ডিগ্রী বা সমমানের সার্টিফিকেট বা ডিগ্রীসহ সমুদ্রগামী বাণিজ্য বা ফিশিং জাহাজে প্রধান প্রকৌশলী হিসাবে ২ (দুই) বৎসরের চাকরি;<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হইতে মেরিন বা যান্ত্রিক প্রকৌশল বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রী এবং যে কোন শ্রেণির মেরিন প্রকৌশলী বা সমমানের সার্টিফিকেটসহ সংশ্লিষ্ট কাজে ১০ (দশ) বৎসরের অভিজ্ঞতা;<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হইতে যান্ত্রিক প্রকৌশল বা নৌ স্থাপত্য এবং মেরিন প্রকৌশল বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রীসহ সংশ্লিষ্ট কাজে ১২ (বার) বৎসরের অভিজ্ঞতা; এবং<br>(খ) তথ্য প্রযুক্তি ও কম্পিউটার পরিচালনায় দক্ষতা। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| | | | | **প্রেষণে বদলির ক্ষেত্রে:**<br>সম-বেতনস্কেল ও সম-পদমর্যাদাসম্পন্ন কর্মচারীগণের মধ্য হইতে। |
| ৩। | উর্ধ্বতন ইন্সট্রাক্টর (নেভিগেশন) | ৪২ বৎসর | (ক) পদোন্নতির মাধ্যমে;<br>(খ) পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(গ) পদোন্নতি ও সরাসরি নিয়োগযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>ইন্সট্রাক্টর (নেভিগেশন) পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি ।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোন স্বীকৃত মেরিটাইম প্রতিষ্ঠান হইতে মাস্টার মেরিনার সার্টিফিকেট এবং মেরিন ডিসিপ্লিনে অন্যূন স্নাতক ডিগ্রী বা সমমানের সার্টিফিকেটসহ সমুদ্রগামী বাণিজ্য বা ফিশিং জাহাজে নায়ক (ক্যাপ্টেন) হিসাবে ২ (দুই) বৎসরের চাকরি;<br>অথবা<br>কোন স্বীকৃত মেরিটাইম প্রতিষ্ঠান হইতে প্রথম শ্রেণির ফিশিং ভেসেল ডেক অফিসার সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেটসহ সংশ্লিষ্ট বিষয়ে ৩ (তিন) বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতাসহ মোট ১০ (দশ) বৎসরের চাকরি; এবং<br>(খ) তথ্য প্রযুক্তি ও কম্পিউটার পরিচালনায় দক্ষতা।<br>**প্রেষণে বদলির ক্ষেত্রে:**<br>সম-বেতনস্কেল ও সম-পদমর্যাদাসম্পন্ন কর্মচারীগণের মধ্যে হইতে। |
| ৪। | ইন্সট্রাক্টর (মেরিন) | ৩৭ বৎসর | (ক) পদোন্নতির মাধ্যমে;<br>(খ) পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>জুনিয়র ইন্সট্রাক্টর (মেরিন) বা জুনিয়র ইন্সট্রাক্টর (ইলেকট্রিক্যাল) পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোন স্বীকৃত মেরিটাইম প্রতিষ্ঠান হইতে প্রথম শ্রেণির (মেরিন) প্রকৌশল বা প্রথম শ্রেণির ফিশিং ভেসেল মেরিন প্রকৌশল বা সমমানের যোগ্যতার সনদ এবং সংশ্লিষ্ট বিষয়ে ১ (এক) বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতাসহ মোট ৫ (পাঁচ) বৎসরের চাকরি; |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| | | | (গ) পদোন্নতি ও সরাসরি নিয়োগযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে। | অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হইতে যান্ত্রিক প্রকৌশল বা নৌ স্থাপত্য এবং মেরিন প্রকৌশল বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রীসহ সংশ্লিষ্ট পেশায় ৭ (সাত) বৎসরের চাকরি;<br>অথবা<br>কোন স্বীকৃত মেরিটাইম প্রতিষ্ঠান হইতে মেরিন ডিসিপ্লিনে স্নাতক ডিগ্রী ও মেরিন প্রকৌশল যোগ্যতার সনদসহ ৭ (সাত) বৎসরের চাকরি; এবং<br>(খ) তথ্য প্রযুক্তি ও কম্পিউটার পরিচালনায় দক্ষতা।<br>**প্রেষণে বদলির ক্ষেত্রে:**<br>সম-বেতনস্কেল ও সম-পদমর্যাদাসম্পন্ন কর্মচারীগণের মধ্যে হইতে। |
| ৫। | ইনস্ট্রাক্টর (নেভাল আর্কিটেক্ট) | ৩৭ বৎসর | (ক) সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) সরাসরি নিয়োগযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে। | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হইতে নৌ-স্থাপত্য এবং মেরিন প্রকৌশল (Naval Architecture and Marine Engineering) বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রী;<br>(খ) কোনো সরকারি বা স্ব-শাসিত সংস্থায় বা কর্পোরেশনে ৭ (সাত) বৎসরের চাকরি; এবং<br>(গ) তথ্য প্রযুক্তি ও কম্পিউটার পরিচালনায় দক্ষতা।<br>**প্রেষণে বদলির ক্ষেত্রে:**<br>সম-বেতনস্কেল ও সম-পদমর্যাদাসম্পন্ন কর্মচারীগণের মধ্যে হইতে। |
| ৬। | ইন্সট্রাক্টর (নেভিগেশন) | ৩৭ বৎসর | (ক) পদোন্নতির মাধ্যমে;<br>(খ) পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>জুনিয়র ইন্সট্রাক্টর (রেডিও কমিউনিকেশন) পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোন স্বীকৃত মেরিটাইম প্রতিষ্ঠান হইতে প্রথম শ্রেণির ফিশিং ভেসেল ডেক অফিসার সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট ও সংশ্লিষ্ট বিষয়ে ১ (এক) বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতাসহ মোট ৫ (পাঁচ) বৎসরের চাকরি; |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| | | | (গ) পদোন্নতি ও সরাসরি নিয়োগযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে। | অথবা<br>(ক) কোন স্বীকৃত মেরিটাইম প্রতিষ্ঠান হইতে দ্বিতীয় শ্রেণির ডেক অফিসার সার্টিফিকেট বা দ্বিতীয় শ্রেণির ফিশিং ভেসেল ডেক অফিসার সার্টিফিকেট বা সমমানের যোগ্যতার সার্টিফিকেটসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ৭ (সাত) বৎসরের চাকরি; এবং<br>(খ) তথ্য প্রযুক্তি ও কম্পিউটার পরিচালনায় দক্ষতা।<br>**প্রেষণে বদলির ক্ষেত্রে:**<br>সম-বেতনস্কেল ও সম-পদমর্যাদাসম্পন্ন কর্মচারীগণের মধ্যে হইতে। |
| ৭। | ইন্সট্রাক্টর (ফিস প্রসেসিং) | ৩৭ বৎসর | (ক) পদোন্নতির মাধ্যমে;<br>(খ) পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(গ) পদোন্নতি ও সরাসরি নিয়োগযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>জুনিয়র ইন্সট্রাক্টর (ফিশ প্রসেসিং) বা জুনিয়র ইন্সট্রাক্টর (কোয়ালিটি কন্ট্রোল) পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে মেরিন সায়েন্স বা ফিশারিজ এন্ড মেরিন রিসোর্স টেকনোলজী বা একুয়াকালচার বা মেরিনকালচার বা ফিশারিজ (মেরিন) বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রী;<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে মেরিন সায়েন্স বা ফিশারিজ এন্ড মেরিন রিসোর্স টেকনোলজী বা একুয়াকালচার বা মেরিনকালচার বা ফিশারিজ (মেরিন) বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ তে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রীসহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রী;<br>(খ) মৎস্য প্রক্রিয়াজাত প্রতিষ্ঠানে ৭ (সাত) বৎসরের চাকরির অভিজ্ঞতা;<br>(গ) স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে মৎস্য প্রক্রিয়াজাত অথবা মান নিয়ন্ত্রণ সংক্রান্ত গবেষণা কাজে অভিজ্ঞতা; এবং<br>(ঘ) তথ্য প্রযুক্তি ও কম্পিউটার পরিচালনায় দক্ষতা।<br>**প্রেষণে বদলির ক্ষেত্রে:**<br>সম-বেতনস্কেল ও সম-পদমর্যাদাসম্পন্ন কর্মচারীগণের মধ্য হইতে। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৮। | মেডিক্যাল অফিসার-কাম-ইন্সট্রাক্টর | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে এমবিবিএস ডিগ্রী;<br>(খ) বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল (বিএমডিসি) কর্তৃক রেজিস্ট্রেশন প্রাপ্ত; এবং<br>(গ) তথ্য প্রযুক্তি ও কম্পিউটার পরিচালনায় দক্ষতা। |
| ৯। | জুনিয়র ইন্সট্রাক্টর (মেরিন) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যান্ত্রিক প্রকৌশল বা নৌ স্থাপত্য এবং মেরিন প্রকৌশল বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রী;<br>অথবা<br>কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট কারিগরি বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রী; এবং<br>(খ) যে কোন শ্রেণির মেরিন প্রকৌশল বিষয়ে অভিজ্ঞতার সনদসহ ৩ (তিন) বৎসরের চাকরি;<br>(গ) তথ্য প্রযুক্তি ও কম্পিউটার পরিচালনায় দক্ষতা। |
| ১০। | জুনিয়র ইন্সট্রাক্টর (ইলেকট্রিক্যাল) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে তড়িৎ প্রকৌশল বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রী; এবং<br>(খ) তথ্য প্রযুক্তি ও কম্পিউটার পরিচালনায় দক্ষতা। |
| ১১। | জুনিয়র ইন্সট্রাক্টর (রেডিও কমিউনিকেশন) | ৩০ বৎসর | (ক) সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) সরাসরি নিয়োগযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে। | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ইলেক্ট্রনিক্স এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বা ইলেক্ট্রনিক্স এন্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বা এপ্লাইড ফিজিক্স এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রী;<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে রেডিও ইলেক্ট্রনিক্স বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রী বা দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রীসহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রী অথবা ৪ (চার) বৎসর মেয়াদী দ্বিতীয় শ্রেণি বা সমমানের স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রী; |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| | | | | অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে বিএসসি ইন নটিক্যাল সাইন্স ডিগ্রী এবং যে কোন শ্রেণির ডেক যোগ্যতা সনদসহ ৩ (তিন) বৎসরের চাকরি;<br>অথবা<br>কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে মেরিটাইম রেডিও কমিউনিকেশন (জেনারেল) বা সমমানের সার্টিফিকেটসহ সমুদ্রগামী জাহাজে বেতার কর্মকর্তা হিসাবে ৩ (তিন) বৎসরের চাকরি; এবং<br>(খ) তথ্য প্রযুক্তি ও কম্পিউটার পরিচালনায় দক্ষতা।<br>**প্রেষণে বদলির ক্ষেত্রে:**<br>সম-বেতনস্কেল ও সম-পদমর্যাদাসম্পন্ন কর্মচারীগণের মধ্যে হইতে। |
| ১২। | জুনিয়র ইন্সট্রাক্টর (ফিস প্রসেসিং) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে মেরিন সায়েন্স বা ফিশারিজ এন্ড মেরিন রিসোর্স টেকনোলজী বা একুয়াকালচার বা মেরিনকালচার বা ফিশারিজ (মেরিন) এ প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রী;<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক (সম্মান)সহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রী;<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে ৪ (চার) বৎসর মেয়াদী স্নাতক (সম্মান) ডিগ্রী;<br>(খ) মৎস্য প্রক্রিয়াজাত বা মান নিয়ন্ত্রণের গবেষণা কাজে অভিজ্ঞতা; এবং<br>(গ) তথ্য প্রযুক্তি ও কম্পিউটার পরিচালনায় দক্ষতা। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ১৩। | জুনিয়র ইনস্ট্রাক্টর (কোয়ালিটি কন্ট্রোল) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে মেরিন সায়েন্স বা ফিশারিজ এন্ড মেরিন রিসোর্স টেকনোলজি বা প্রাণিবিদ্যা (ফিশারিজ) বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রী; অথবা কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রীসহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতকোত্তর ডিগ্রী; অথবা কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ৪ (চার) বৎসর মেয়াদী দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক (সম্মান) ডিগ্রী; এবং (খ) তথ্য প্রযুক্তি ও কম্পিউটার পরিচালনায় দক্ষতা। |
| ১৪। | এডুকেশন অফিসার (ফিজিক্স) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পদার্থবিজ্ঞান বিষয়ে অন্যূন প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রী; অথবা কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পদার্থবিজ্ঞান বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ তে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রীসহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রী; অথবা কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পদার্থবিজ্ঞান বিষয়ে অন্যূন ৪ (চার) বৎসর মেয়াদি দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ তে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রী; এবং (খ) তথ্য প্রযুক্তি ও কম্পিউটার পরিচালনায় দক্ষতা। |
| ১৫। | এডুকেশন অফিসার (ইংলিশ) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ইংরেজি বিষয়ে অন্যূন প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রী; অথবা |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| | | | | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ইংরেজি বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ তে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রীসহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রী;<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ইংরেজি বিষয়ে অন্যূন ৪ (চার) বৎসর মেয়াদি দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ তে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রী; এবং<br>(খ) তথ্য প্রযুক্তি ও কম্পিউটার পরিচালনায় দক্ষতা। |
| ১৬। | ফিজিক্যাল ট্রেনিং ইন্সট্রাক্টর | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে শরীর চর্চা বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রী; এবং<br>(খ) তথ্য প্রযুক্তি ও কম্পিউটার পরিচালনায় দক্ষতা। |
| ১৭। | প্রশাসনিক অফিসার | ৩০ বৎসর | (ক) পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>হেড এ্যাসিস্ট্যান্ট বা সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর পদে অন্যূন ১০ (দশ) বৎসরের চাকরি ।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রী; এবং<br>(খ) তথ্য প্রযুক্তি ও কম্পিউটার পরিচালনায় দক্ষতা। |
| ১৮। | ফোরম্যান (ম্যাকানিক্যাল) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে যান্ত্রিক বা শক্তি কৌশল বিষয়ে অন্যূন ৪ (চার) বৎসর মেয়াদি ডিপ্লোমা কোর্স বা সমমানের ডিগ্রী; এবং<br>(খ) তথ্য প্রযুক্তি ও কম্পিউটার পরিচালনায় দক্ষতা। |
| ১৯। | একাউনটেন্ট | ৩০ বৎসর | (ক) পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>ক্যাশিয়ার পদে অন্যূন ১০ (দশ) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে হিসাব বিজ্ঞান বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রী; এবং<br>(খ) তথ্য প্রযুক্তি ও কম্পিউটার পরিচালনায় দক্ষতা। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ২০। | হেড এ্যাসিসটেন্ট | ৩০ বৎসর | (ক) পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **<u>পদোন্নতির ক্ষেত্রে:</u>**<br>হোস্টেল-কাম-অফিস সহকারী পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি;<br>অথবা<br>অফিস সহকারী-কাম-কম্পিউটার অপারেটর বা লাইব্রেরী এ্যাসিস্ট্যান্ট বা স্টোর কিপার পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরি।<br>**<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u>**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রী; এবং<br>(খ) তথ্য প্রযুক্তি ও কম্পিউটার পরিচালনায় দক্ষতা। |
| ২১। | সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর | "The Stenographers & Steno-typist (Ministries, Divisions & Attached Departments) Recruitment Rules, 1978" এবং "সাঁটলিপিকার বা স্টেনোগ্রাফার, সাঁটমুদ্রাক্ষরিক বা স্টেনোটাইপিস্ট, অফিস সহকারী-কাম-মুদ্রাক্ষরিক, মুদ্রাক্ষরিক কাম-অফিস সহকারী ও মুদ্রাক্ষরিক পদের পদবি পরিবর্তন ও নিয়োগ যোগ্যতা নির্ধারণ (বিশেষ বিধান) বিধিমালা, ২০১০" অনুযায়ী। | | |
| ২২। | ডাটা এন্ট্রি/ কন্ট্রোল অপারেটর | ''The Computer Personnel (Government and Local Authorities) Recruitment Rules, 1985" অনুযায়ী। | | |
| ২৩। | কম্পাউন্ডার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে বিজ্ঞান বিভাগে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কোন স্বীকৃত প্রতিষ্ঠান বা ইনস্টিটিউট হইতে ফার্মাসিস্ট বা প্যারা-মেডিক্যাল বিষয়ে অন্যূন ৩ (তিন) বৎসর মেয়াদি ডিপ্লোমা কোর্স: এবং<br>(গ) তথ্য প্রযুক্তি ও কম্পিউটার পরিচালনায় দক্ষতা। |
| ২৪। | ড্রাফ্টসম্যান | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কোন স্বীকৃত ইন্সটিটিউট বা প্রতিষ্ঠান হইতে অন্যূন ২ (দুই) বৎসর মেয়াদী ট্রেডকোর্স সার্টিফিকেট; এবং<br>(গ) তথ্য প্রযুক্তি ও কম্পিউটার পরিচালনায় দক্ষতা। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ২৫। | হোস্টেল-কাম-অফিস সহকারী | ৩০ বৎসর | (ক) পদোন্নতির মাধ্যমে; এবং (খ)পদোন্নতি যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **<u>পদোন্নতির ক্ষেত্রে:</u>** অফিস সহকারী-কাম-কম্পিউটার অপারেটর বা লাইব্রেরী এ্যাসিসটেন্ট বা স্টোর কিপার পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি । **<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u>** (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রী; এবং (খ) তথ্য প্রযুক্তি ও কম্পিউটার পরিচালনায় দক্ষতা। |
| ২৬। | লাইব্রেরী এ্যাসিসটেন্ট | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) কোন স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান বিষয়ে অন্যূন ১ (এক) বৎসর মেয়াদী সার্টিফিকেট কোর্স; এবং (গ) তথ্য প্রযুক্তি ও কম্পিউটার পরিচালনায় দক্ষতা। |
| ২৭। | স্টোর কিপার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) তথ্য প্রযুক্তি ও কম্পিউটার পরিচালনায় দক্ষতা। |
| ২৮। | ক্যাশিয়ার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে ব্যবসায় শিক্ষা বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) তথ্য প্রযুক্তি ও কম্পিউটার পরিচালনায় দক্ষতা। |
| ২৯। | ল্যাবরেটরী এ্যাসিসটেন্ট | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে জীব বিজ্ঞানসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) তথ্য প্রযুক্তি ও কম্পিউটার পরিচালনায় দক্ষতা। |
| ৩০। | অফিস সহকারী-কাম-কম্পিউটার অপারেটর | "নিম্নমান সহকারী-তথা মুদ্রাক্ষরিক, প্লেইন পেপার কপিয়ার, ডুপ্লিকেটিং মেশিন অপারেটর, ডেসপাস রাইডার, দপ্তরী ও এম, এল, এস, এস (মন্ত্রণালয়/বিভাগ ও সংযুক্ত অধিদপ্তর) বিধিমালা, ১৯৯৩" এবং "সাঁটলিপিকার বা স্টেনোগ্রাফার, সাঁটমুদ্রাক্ষরিক বা স্টেনোটাইপিস্ট, অফিস সহকারী-কাম-মুদ্রাক্ষরিক, মুদ্রাক্ষরিক কাম-অফিস সহকারী ও মুদ্রাক্ষরিক পদের পদবি পরিবর্তন ও নিয়োগ যোগ্যতা নির্ধারণ (বিশেষ বিধান) বিধিমালা, ২০১০" অনুযায়ী। | | | |
| ৩১। | ইলেকট্রিশিয়ান | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) কোন স্বীকৃত টেকনিক্যাল ট্রেনিং সেন্টার বা ভোকেশনাল ট্রেনিং সেন্টার বা ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে ইলেকট্রিক্যাল বিষয়ে অন্যূন ২ (দুই) বৎসর মেয়াদি ট্রেড কোর্স সার্টিফিকেট। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৩২। | মেশিনিষ্ট (মিলিং/শেপার) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কোন স্বীকৃত টেকনিক্যাল ট্রেনিং সেন্টার বা ভোকেশনাল ট্রেনিং সেন্টার বা ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে মেশিন শপ বা মেকানিক্যাল বিষয়ে অন্যূন ২ (দুই) বৎসর মেয়াদি ট্রেডকোর্স সার্টিফিকেট। |
| ৩৩। | ওয়ার্কশপ মেকানিক-কাম-ওয়েল্ডার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কোন স্বীকৃত টেকনিক্যাল ট্রেনিং সেন্টার বা ভোকেশনাল ট্রেনিং সেন্টার বা ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে ইলেকট্রিক্যাল বিষয়ে অন্যূন ২ (দুই) বৎসর মেয়াদি ট্রেড কোর্স সার্টিফিকেট। |
| ৩৪। | বোট ড্রাইভার (সারেং) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) ডিপার্টমেন্ট অফ শিপিং কর্তৃক ইস্যুকৃত তৃতীয় শ্রেণীর ইনল্যান্ড শিপিং মাস্টার কম্পিটেন্সী সার্টিফিকেট সনদ। |
| ৩৫। | বোট ইঞ্জিন ড্রাইভার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) যে কোন শিপিং ভেসেল গ্রীজার এ অন্যূন ৩ (তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। |
| ৩৬। | ড্রাইভার (এম,টি) | ''The Gazetted and Non-Gazetted Staff (Goverment Transport Directorate) Recruitment Rules, 1984'' অনুযায়ী । | | |
| ৩৭। | ওয়ার্কশপ ফিটার | ৩০ বৎসর | (ক) পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ)পদোন্নতি যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **<u>পদোন্নতির ক্ষেত্রে:</u>**<br>ওয়ার্কশপ এ্যাটেনডেন্ট পদে অন্যূন ৮ (আট) বৎসরের চাকরি।<br>**<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u>**<br>(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে বিজ্ঞান বিভাগে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) যে কোন শিপিং ভেসেলে ওয়ার্কশপ ফিটার হিসাবে অন্যূন ৩(তিন) বৎসরের চাকরি। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৩৮। | ফটোকপি অপারেটর | ৩০ বৎসর | (ক) পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ)পদোন্নতি যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **<u>পদোন্নতির ক্ষেত্রে:</u>**<br>(ক) অফিস সহায়ক পদে অন্যূন্য ০৫ (পাঁচ) বৎসরের চাকরি; এবং<br>(খ) ফটোকপি মেশিন চালনায় অভিজ্ঞতা।<br>**<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u>**<br>(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) ফটোকপি মেশিন চালনায় অভিজ্ঞতা। |
| ৩৯। | ওয়ার্কশপ এ্যাটেনডেন্ট | অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত ''আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮'' অনুযায়ী। | | |
| ৪০। | বাবুর্চি | অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত ''আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮'' অনুযায়ী। | | |
| ৪১। | সহকারী বাবুর্চি | অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত ''আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮'' অনুযায়ী। | | |
| ৪২। | হোস্টেল বয় | অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত ''আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮'' অনুযায়ী। | | |
| ৪৩। | নিরাপত্তা প্রহরী | অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত ''আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮'' অনুযায়ী। | | |
| ৪৪। | অফিস সহায়ক | অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত ''আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮'' অনুযায়ী। | | |
| ৪৫। | মালী | অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত ''আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮'' অনুযায়ী। | | |
| ৪৬। | পরিচ্ছন্নতা কর্মী | অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত ''আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮'' অনুযায়ী। | | |
| ৪৭। | টুলস্ এ্যাটেনডেন্ট | অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত ''আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮'' অনুযায়ী। | | |
| ৪৮। | যন্ত্রপাতি পরিচর্যাকারী | অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত ''আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮'' অনুযায়ী। | | |
| ৪৯। | গ্রাউন্ডসম্যান | অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত ''আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮'' অনুযায়ী। | | |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ রইছউল আলম মন্ডল**
সচিব।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd